



## সিলেটে নতুন কুঁড়ি স্পোর্টস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



সিলেটে নতুন কুঁড়ি স্পোর্টস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

তৃণমূল পর্যায় থেকে শিশু-কিশোরদের ক্রীড়া প্রতিভা খুঁজে বের করার লক্ষ্য নিয়ে শুরু হয়েছে ‘নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬’। ‘ক্রীড়াই পেশা, পরিবার পাবে ভরসা’—এই স্লোগান সামনে রেখে কর্মসূচিটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার বিকেলে সিলেট নগরীর রিকাবীবাজার স্টেডিয়ামে শিশু-কিশোরদের উপস্থিতিতে একটি লাল বোতাম চেপে ট্রফি ও লোগো উন্মোচনের মাধ্যমে উদ্বোধনী কার্যক্রম সম্পন্ন করা হয়। একই সময়ে দেশের বিভিন্ন জেলা স্টেডিয়াম থেকে ভারুয়ালি যুক্ত হয় খুদে ক্রীড়াবিদরা। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক।

এই কর্মসূচির মাধ্যমে সারা দেশের ইউনিয়ন ও সিটি করপোরেশনের ওয়ার্ড পর্যায় থেকে প্রতিভাবান ক্রীড়াবিদ বাছাই করা হবে। আশির দশকের জনপ্রিয় প্রতিভা অন্বেষণ কর্মসূচির ধারাবাহিকতায় এবার আরও বিস্তৃত পরিসরে উদ্যোগটি নেওয়া হয়েছে বলে জানানো হয়।

১২ থেকে ১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্যে লুকিয়ে থাকা ক্রীড়া প্রতিভা শনাক্ত করে তাদের বিকাশের সুযোগ করে দেওয়াই এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। এর মাধ্যমে ভবিষ্যতের জাতীয় ক্রীড়াবিদ গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে।

ক্রীড়া পরিদপ্তরের বাস্তবায়নে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এই কর্মসূচি পরিচালিত হচ্ছে।